



বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০

আইন অনুবিভাগ

আইন, বিধি ও প্রবিধি প্রণয়ন শাখা

www.idra.org.bd



স্মারক নং: ৫৩.০৩.০০০০.০৭৫.২২.০১৮.১৯.২৫০(১)

তারিখ: ১৯ এপ্রিল ২০২০

সার্কুলার নং- ৭৬/২০২০

বিষয়ঃকরোনা ভাইরাসের কারণে উদ্ভূত পরিস্থিতিতে বীমাগ্রাহকদের স্বার্থে ও বীমা প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম বিষয়ে নির্দেশনা প্রসঙ্গে।

বিশ্বব্যাপী করোনা ভাইরাস মহামারী আকার ধারণ করেছে যার বিস্তার বিশ্বের প্রায় প্রতিটি দেশেই হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার করোনা ভাইরাস মোকাবিলায় নানাবিধ পদক্ষেপ গ্রহণ করেছে। সরকার এ ভাইরাসের বিস্তার রোধের জন্য সরকারি ও বেসরকারি পর্যায়ের অফিসসমূহ সাময়িক বন্ধ রাখার নির্দেশ প্রদান করেছে এবং প্রয়োজনীয়তার আলোকে তা বর্ধিত করেছে। বাংলাদেশে বীমা প্রতিষ্ঠান সমূহের প্রায় ১ কোটিরও অধিক বীমাগ্রাহক রয়েছে যাদের মধ্যে কারও কারও বীমা পলিসি মেয়াদউত্তীর্ণ হয়েছে কিন্তু বীমাদাবির টাকা প্রাপ্তির লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে পারছেন না, অনেকের বীমা পলিসির প্রিমিয়াম জমার সময় হয়েছে কিন্তু চলাফেরায় বিধিনিষেধ থাকায় এবং কোম্পানি/কর্পোরেশনগুলোর অফিস বন্ধ থাকায় প্রিমিয়ামের টাকা জমা দিতে অসুবিধা হচ্ছে। তাছাড়া, মটর ইন্স্যুরেন্সের ক্ষেত্রে অনেক পলিসি মেয়াদউত্তীর্ণ হলেও পলিসি রিনিউ করতে সমস্যার সম্মুখীন হচ্ছেন। অন্যদিকে, বীমা প্রতিষ্ঠানগুলো বীমা আইন ২০১০ ও কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় রিপোর্ট-রিটার্ন বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বরাবর দাখিল করা সম্ভব হচ্ছে না।

২। উদ্ভূত পরিস্থিতিতে বীমা শিল্পের তথা বীমাগ্রাহকদের স্বার্থে এবং কোম্পানিগুলোর কার্যক্রমের সুবিধার্থে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলঃ

ক) ২৫ মার্চ ২০২০ তারিখ থেকে ২৫ এপ্রিল ২০২০ তারিখের মধ্যে যে সকল জীবন বীমা পলিসির গ্রেস পিরিয়ড শেষ হয়েছে সে সকল পলিসির জন্য গ্রেস পিরিয়ড আরও ৪৫ দিন বর্ধিত করা হল। উক্ত সময়ে পলিসিগুলোর অধীনে বীমা ঝুঁকি আবর্তিত থাকবে এবং পলিসিগুলো চলমান হিসেবে বিবেচিত হবে।


খ) করোনা ভাইরাসের প্রভাবে সৃষ্ট অর্থসংকটে বীমা গ্রাহকদেরকে সহযোগীতা করার স্বার্থে মেয়াদউত্তীর্ণ পলিসিসমূহের বিপরীতে প্রাপ্য দাবি ৯০ দিনের পরিবর্তে ৩০ দিনের মধ্যে প্রদান করতে হবে। এক্ষেত্রে, গ্রাহকের আবেদনের জন্য অপেক্ষা না করে কর্পোরেশন/কোম্পানিসমূহের ডাটাবেইজ থেকে মেয়াদউত্তীর্ণ পলিসির তালিকা নিয়ে বীমা গ্রাহকের সাথে যোগাযোগ করে অনলাইনে গ্রাহকের ব্যাংকে বীমা দাবির টাকা পরিশোধের ব্যবস্থা করতে হবে।

গ) দেশব্যাপী যানবাহন চলাচল সীমিত থাকায় অধিকাংশ গাড়ি কার্যত বন্ধ রয়েছে। এক্ষেত্রে বর্তমান পরিস্থিতিতে যে সকল মটর ইন্স্যুরেন্সের মেয়াদ ২৫ এপ্রিল ২০২০ তারিখের মধ্যে শেষ হচ্ছে কিন্তু নতুনভাবে রিনিউ করতে পারছে না সে সকল পলিসির মেয়াদ কোন প্রকার প্রিমিয়াম ছাড়া আরও ৪৫ দিন বর্ধিত করা যেতে পারে।

ঘ) করোনা পরিস্থিতি মোকাবিলায় সরকার ঘোষিত ছুটিকালীন সময়ে বীমা আইন এবং কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক রিপোর্ট ও রিটার্নসমূহ দাখিলের সময়সীমা প্রদেয় তারিখ থেকে আরও ২ মাস বর্ধিত করা হল।

ঙ) বিদ্যমান পরিস্থিতিতে কর্পোরেশন/কোম্পানিসমূহের বাধ্যতামূলক বা জরুরি বোর্ড সভাগুলো ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে করার জন্য উৎসাহিত করা হল।

৩। বর্তমান পরিস্থিতি বিবেচনায় বীমা শিল্প, বীমাগ্রাহক তথা জনস্বার্থে অত্র নির্দেশনা জারি করা হল।



ড. এম. মোশাররফ হোসেন, এফসিএ
সদস্য

বিতরণ (কার্যার্থে):

১. ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন ও সাধারণ বীমা কর্পোরেশন;
২. মুখ্য নির্বাহী কর্মকর্তা, সকল বীমা কোম্পানি।

অনুলিপি (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

- ১) প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন;
- ২) মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, অর্থমন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণের জন্য);
- ২) চেয়ারম্যান, সকল বীমা কোম্পানি ও কর্পোরেশন;
- ৩) প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম;
- ৪) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থমন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণের জন্য);
- ৫) সকল শাখা প্রধান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
- ৬) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
- ৭) সদস্যগণের ব্যক্তিগত সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
- ৮) অফিস কপি।